

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৬, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
প্রজ্ঞাপন

তারিখ, ৯ বৈশাখ ১৪১১/২২ এপ্রিল ২০০৩

এস, আর, ও নং ১০৮-আইন/২০০৪।—যেহেতু The Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord. No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ০৫-১১-২০০৩ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও নং ৩১২ আইন/২০০৩ দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানী লিঃ, যমুনা অয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, এল পি গ্যাস লিঃ, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ, ইন্টার্ন লুব্রিকেন্টস ব্র্যান্ডিং প্রান্ট লিঃ এবং ইন্টার্ন রিফাইনারী লিঃ এর সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহার মেয়াদ আগামী ০৪-০৫-২০০৪ তারিখে শেষ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানী লিঃ, যমুনা অয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, এল পি গ্যাস লিঃ, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ, ইন্টার্ন লুব্রিকেন্টস ব্র্যান্ডিং প্রান্ট লিঃ এবং ইন্টার্ন রিফাইনারী লিঃ এর সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রয়োগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার এতদ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন পদ্মা অয়েল কোম্পানী লিঃ, যমুনা অয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ, এল পি গ্যাস লিঃ, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিঃ, ইন্টার্ন লুব্রিকেন্টস ব্র্যান্ডিং প্রান্ট লিঃ এবং ইন্টার্ন রিফাইনারী লিঃ এর সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আগামী ০৫-০৪-২০০৪ তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) পরবর্তী ছয় মাস পর্যন্ত বর্ধিত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবু জাফর  
যুগ্ম-সচিব (শ্রম)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ২৪২১ )

মূল্য : টাকা ১.০০